

মুখোশ

মাটি থেকে সাড়ে সাত ফিট ওপরে, দরজার মাথায়, ঝুলে রয়েছে তুমি
 শখ করে কেনা ছৌ নাচের মুখোশ, অসুরের।
 সাড়ে সাত ফিট ওপর থেকে ঘর - গেরস্থালির ওপর নজর রাখছ।
 বাচ্চারা তোমার ওই বীভৎস রূপ দেখে ভয় পায়
 তোমার বর্ণময়তার তারিফ করে কবি শিল্পী
 সাদা চামড়ার বন্ধু তোমাকে দেখে থমকে দাঁড়ায়
 তারপর বিড়বিড় করে বলে দিস ইজ আওয়ার প্রেসিডেন্ট
 মাটি থেকে সাড়ে সাত ফিট ওপরে ঝুলে রয়েছে তুমি
 অসুরের মুখোশ
 কী তীক্ষ্ণ নজর রাখছ আমাদের চলাফেরা ওপর
 বউ বলে সারাক্ষণ একটা অস্বস্তি কাজ করতে করতে
 সারাক্ষণ মনে হয় কে যেন পিঠে বিঁধে দিচ্ছে দৃষ্টি
 তুমি ওকে বিদেয় করো
 বিদেয় করো ?
 ও কি সাক্ষাৎ অমঙ্গল যাকে ডেকে এনে বসিয়েছি ঘর - উঠানে?
 তাই এত ঝগড়া, তাই এত বিবাদ, এত মন কষাকষি ?
 এত ক্ষমতা তোমার মুখোশ ?
 ঠিক, বউকে তুমি অমঙ্গলের ভয় দেখাও
 বাচ্চাদের শিরদাঁড়ায় বইয়ে দাও হিম
 বিদেশি বন্ধুকে উসকে দিয়ে বলিয়ে নাও --- প্রেসিডেন্ট, দিস ইজ প্রেসিডেন্ট
 কিন্তু তোমার দৌড় ওই পর্যন্তই।
 আমি তো জানি
 শুধু চেয়ে থাকা ছাড়া আর কিছুর পারো না তুমি
 তুমি তো মুখ নও
 তুমি মুখোশ।

অংশুমান কর

